09 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

স্টেট ইউনিভার্সিটির নবীনবরণ

# 'সাংবাদিকতায় প্রাতিষ্ঠানিক শিক্ষা জরুরি'

সমকাল প্রতিবেদক

'সাংবাদিকতা পেশায় আসার আগে প্রাতিষ্ঠানিক শিক্ষা জরুরি। বর্তমানে যারা প্রাতিষ্ঠানিক শিক্ষা নিয়ে এ পেশায় আসছেন, জানার ক্ষেত্রে তারা অন্যাদের চেয়ে এগিয়ে থাকছেন।' গতকাল বুধবার রাজধানীর কলাবাগানে স্টেট ইউনিভার্সিটির জার্নালিজম, কমিউনিকেশন অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কলামিস্ট ও গবেষক সৈয়দ আবুল মকসুদ এসব কথা বলেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন, সাংবাদিকতায় পড়াশোনা শেষ করে শিক্ষার্থীরা কর্মক্ষেত্রে তাদের দক্ষতা ও নৈপুণ্যের স্বাক্ষর রাখবে। সমাজ বাস্তবতায় সাংবাদিকতার নীতিনৈতিকতা ও বস্তুনিষ্ঠতা অক্ষুণ্ন রাখার কায়দাকানুন' শিখে শিক্ষার্থীরা কর্মক্ষেত্রে তার প্রয়োগ ঘটাবে।

নবীন শিক্ষার্থীদের উদ্দেশে বিভাগের অ্যাডভাইজার রোবায়েত ফেরদৌস বলেন, সময়কে যথাযথ মূল্য দিয়ে চার বছরের পড়াশোনা শেষ করতে হবে। সময়ের কাজ সময়ে করতে হবে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এ ওয়াই এম ইকরাম-উদ-দৌলাহ, বিভাগের শিক্ষক, অতিথি শিক্ষকসহ বিভাগের বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।